দৈনিক সংবাদ

তারিখ ... ... 5 AUG 1990 ...
পৃষ্ঠা ... ... 9 ... কলাম ... 9 ...

32

22

# রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের গৃহায়ন সমস্যা সমাধানের নির্দেশ দিয়েছেন

বিশ্ববিদ্যালয় উপাচার্যগণের নিয়মিত মাসিক বৈঠক গতকাল শনিবার রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

বাসস জানায়, বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর রাষ্ট্রপতি এরশাদ রাজশাহী বিশ্ববিদ্যালয় ও ময়মনসিংহ কৃষি বিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় বৈঠকে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি বলেন, যদি সবাই আন্তরিকভাবে সহযোগিতা করে তবে সব নির্বাচনই শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হতে পারে।

বৈঠকে বিশ্ববিদ্যালয় সমূহের উন্নয়ন তৎপরতা নিয়ে আলোচনা করা হয়।

রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের গৃহায়ন সমস্যা পর্যায়ক্রমে সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন। তিনি দেশের দু'টি অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের কাজ দ্রুত শুরু করার জন্যও নির্দেশ দেন। রাষ্ট্রপতি কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্মাণকাজ ত্বরান্বিত করার জন্যও বলেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য নকশা ও ব্যয় অনুমোদিত হয়েছে বলে বৈঠকে জানানো হয়।

ছাত্রদের মেধা ও মানসিকতার বিকাশের জন্য সাংস্কৃতিক ও অন্যান্য তৎপরতা বাড়ানোর প্রয়োজনীয়তার ওপর বৈঠকে গুরুত্বারোপ করা হয়।

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ, শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত রাষ্ট্রপতির প্রাথমিক শিক্ষা বিষয়ক উপদেষ্টা মনসুর আলী সরকার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলী আহসান, শিক্ষা সচিব এ, এন, এম ইউসুফ এবং মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক এম, এ বারী, অধ্যাপক মোহাম্মদ আলী ও অধ্যাপক শামসুল হক বৈঠকে উপস্থিত ছিলেন।

এর আগে বাংলাদেশ ন্যাশনাল কাউন্সিল অব ইউনেস্কো সরকারের সাক্ষরতা কর্মসূচী বাস্তবায়নের জন্য রাষ্ট্রপতিকে এক লাখ বলপেন উপহার দেয়। কমিশনের মহাসচিব ও শিক্ষা সচিব রাষ্ট্রপতিকে আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষের ব্যাজ উপহার দেন।